

# দৈনিক ইনকিলাব

তারিখ	...
পৃষ্ঠা	...
কলাম	...

## ১৬ এপ্রিল ঢাকায় শিক্ষক কর্মচারী অবস্থান ধর্মঘট

স্ট্রাইক রিপোর্টার ও শিক্ষক মন্ত্রণালয়ের সাথে সম্পাদিত বেসরকারী শিক্ষক স্বার্থবিরোধী ৯ দফা চুক্তি বাতিলসহ শতকরা ১শ' ভাগ বেতন-ভাতা না দেয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার আহ্বান জানিয়ে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট আগামী ১৬ এপ্রিল ঢাকায় মহাঅবস্থান ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করেছে। উল্লেখিত দাবীতে প্রয়োজনে আমরা অনশন কর্মসূচীও ঘোষণা করা হবে বলে তারা সতর্ক করে দিয়েছেন।

সরকারী শিক্ষক-কর্মচারীদের অনুরূপ বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ১০০% বেতন-ভাতাসহ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ৬ দফা দাবী পূরণ এবং ৯ দফার শিক্ষক স্বার্থবিরোধী ধারাসমূহ বাতিলের দাবীতে গতকাল ঢাকার মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে আয়োজিত এক সভায় উক্ত কর্মসূচী ঘোষণা করা হয়। শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল

ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তব্য রাখেন জোটের সমন্বয়ক মোহাম্মদ সেলিম ভূঁইয়া, জোট নেতা অধ্যাপক ইসহাক হোসেন, অজিত কুমার সরকার মোল্লা নজরুল ইসলাম, উপাধ্যক্ষ হারুন রশিদ খান প্রধান, মোহাম্মদ আলী, মাহবুব রহমান মোল্লা, বজলুর রহমান, আবু আউয়াল, অধ্যাপক সিদ্দিকুর রহমান লিয়াকত আলী, শফিকুল ইসলাম, শাহাদ হোসেন প্রমুখ।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সকল দাবী পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার অঙ্গীকার করে জোট নেতৃবৃন্দ বলে ১৯৯৪ সালে বিরোধীদলীয় নেত্রী থা অবস্থায় বর্তমান প্রধানমন্ত্রী শিক্ষককে সভায় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, ক্ষমতা এসে তা বাস্তবায়ন না করায় সারাদেশে শিক্ষক-কর্মচারীরা ক্ষুব্ধ। বক্তারা বর্তমান সরকার ক্ষমতায় থাকতেই বর্ধিত বেতন ভাতাসহ সমুদয় বকেয়া প্রদানের চ জ্ঞান।